দৈনিক জনকণ্ঠ

তারিখ ২৪ MAR 2015
পৃষ্ঠা ১৩ কলাম ২

# স্কুল হকির শিরোপা খঞ্জনপুরের

**স্পোর্টস রিপোর্টার ।** ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক জাতীয় স্কুল হকি প্রতিযোগিতায় নতুন চ্যাম্পিয়ন হয়েছে খঞ্জনপুর উচ্চ বিদ্যালয়। সোমবার মওলানা ভাসানী হকি স্টেডিয়ামে অনুষ্ঠিত ফাইনালে তারা ২-১ গোলে হারায় ঢাকার আরমানিটোলা সরকারী উচ্চ বিদ্যালয়কে। ৯ মিনিটে আরমানিটোলার অধিনায়ক শিহাব হোসেনের গোলে ১-০ তে এগিয়ে যায় দলটি। কিন্তু ৩৫ মিনিটে ফাহিম ফয়সালের গোলে সমতা আনে খঞ্জনপুর (১-১)। ৪৪ মিনিটে মনিক ফকিরের গোলে ২-১ ম্যাচে গোলের লিড নেয় খঞ্জনপুর উচ্চ বিদ্যালয়। কিন্তু অন্তিম মুহূর্তে উচ্চতা বেশি হওয়ার ফলে আরমানিটোলার একটি গোল বাতিল হয়ে যায়।

পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী বীরেন শিকদার। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ হকি ফেডারেশনের সভাপতি ইনামুল বারী, জাতীয় স্কুল হকি কমিটির চেয়ারম্যান এবং এটিএন বাংলা ও এটিএন নিউজের চেয়ারম্যান ড. মাহফুজুর রহমান, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ ওয়াসেক মোঃ আলী, বাংলাদেশ হকি ফেডারেশনের সাধারণ সম্পাদক খাজা রহমতউল্লাহ, এটিএন বাংলার উপদেষ্টা মীর মোঃ মোতাহার হাসান, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট তাশিক আহমেদ, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংকের হেড অব মার্কেটিং আজম খান, সাবেক হকি খেলোয়ার রফিকুল ইসলাম কামালসহ অন্যরা। টুর্নামেন্টের সেরা গোলরক্ষক নির্বাচিত হন আরমানিটোলার আরমান হোসেন। সেরা ডিফেন্ডার হন খঞ্জনপুর স্কুলের আশরাফুল ইসলাম। সেরা ফরোয়ার্ড হন আরমানিটোলা স্কুলের অধিনায়ক শিহাব হোসেন (৩৫ গোল)। সেরা মিডফিল্ডার হন খঞ্জনপুর স্কুলের মোঃ ইয়ামিন। প্রত্যেকে ২০ হাজার টাকা করে অর্থ পুরস্কার পান। এবারের আসরের চ্যাম্পিয়ন দল পায় ট্রফিসহ ৩ লাখ টাকার অর্থ পুরস্কার। রানার্সআপ দল ২ ট্রফিসহ দুই লাখ টাকার পুরস্কার এবং তৃতীয় স্থান অর্জনকারী জেএম সেন উচ্চ বিদ্যালয় দল ১ লাখ টাকার পুরস্কার পায়।